

### শিক্ষা বৃত্তি প্রদান

স্টাফ বিপোর্টার, সিরাজগঞ্জ। সিরাজগঞ্জের ১১৬ মেধাবী শিক্ষার্থীকে জেলা পরিষদের পক্ষ থেকে বহস্পতিবার দুপুরে বৃত্তি প্রদান করা হচ্ছে। জেলা পরিষদ চেয়ারম্যান সাবেক মঞ্চী আব্দুল লাতফ বিশ্বাস এতে প্রধান অতিথি এবং জেলা প্রশাসক কামরুল নাহার সিদ্ধিকা, এসপি মিরাজ উদ্দিন আহমেদ, অধ্যক্ষ এস.এম মনোয়ার হোসেন ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পর্বেগণ কর্মকর্তা আব্দুল হাকিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে প্রায় ৮ লাখ ২৬ হাজার টাকার আর্থিক অনুদানের চেক তুলে দেন। জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মাহবুবুল আলমের সভাপতিত্বে প্রধান ও বিশেষ অতিথি ছাড়াও পরিষদের সদস্য প্রজানেল চেয়ারম্যান গাজী আব্দুল হামিদ আকল্প প্রস্তুত বক্তব্য দেন।